



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.৮০৮

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৮

২৮ এপ্রিল ২০২১

বিষয়: বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য সড়ক ও নৌপথে মোট ৮৩০০ মে.টন গমের চলাচলসূচি

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ২৫/০৮/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.৯০৯ নং

স্মারক

২। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো এর ২২/০৮/২০২১ খ্রি. তারিখের ১৩.০৯.০০০০.০০৫.৫০.০৫৭.২০.৮৪৬

নং স্মারক

৩। সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো এর ১৫/০৮/২০২১ খ্রি. তারিখের ১৩.১১.০০০০.১৮৩.৫০.০৮১.১১.৮৩৩

নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মে'২০২১ মাসে ইপি, ওপি, ভিজিডি, আশ্রায়ন, জি.আরসহ বিভিন্ন খাতে বিতরণের জন্য গমের সূচির জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ১ নং স্মারকে অনুরোধ করা হয়েছে। চট্টগ্রাম সাইলোতে আমদানিকৃত গম নিরবচ্ছিন্নভাবে খালাসের নিমিত্ত Storage space সৃষ্টির লক্ষ্যে জরুরিভিত্তিতে সড়ক পথে আশুগঞ্জ সাইলোসহ অন্যান্য কেন্দ্রে কার্যকর চলাচল সূচি জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ২ নং স্মারকে সাইলো অধীক্ষক, চট্টগ্রাম কর্তৃক অনুরোধ করা হয়েছে। আশুগঞ্জ সাইলোতে গমের মজুতের সংকট দিন দিন বেড়েই চলছে। বর্তমানে রেলের ধীরগতির গম পরিবহণ দীর্ঘায়িত হলে এবং সড়ক পথে গম পরিবাহিত না হলে আশুগঞ্জ সাইলোর গমের মজুত শূন্য হয়ে যাওয়া এবং ভবিষ্যতে ৫০,০০০ মে.টন ধারণ ক্ষমতার সাইলোটি বন্ধ হয়ে যাওয়ার আশংকা রয়েছে মর্মে সূত্রস্থ ৩ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে।

তৎপ্রেক্ষিতে বরিশাল বিভাগের কতিপয় এলএসডিতে মে'২০২১ মাসে ইপি, ওপি, ভিজিডি, আশ্রায়ন, জি.আরসহ বিভিন্ন খাতে বিলি-বিতরণ এবং আশুগঞ্জ সাইলোতে রেল ওয়াগন ও ইঞ্জিন স্বল্পতার কারণে বিলম্ব হওয়ায় আশুগঞ্জ সাইলোতে গমের মজুত গড়া লক্ষ্যে সাশ্রয়ী রুট বিবেচনায় সড়ক ও নৌপথে মোট ৮৩০০ মে.টন গমের চলাচলসূচি নিয়োক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক পথে গমের চলাচলসূচি:

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পথ	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম সাইলো	ব্রাহ্মগবাড়িয়া	আশুগঞ্জ সাইলো	৫০০০	গম	সড়ক পথ	চসনি, চট্টগ্রাম উপসূচি জারি করবেন
				মোট =	৫০০০		

নৌপথে গমের চলাচলসূচি:

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	মোংলা সাইলো	পটুয়াখালী	পটুয়াখালী এলএসডি	৬০০	বস্তাবন্দি গম	নৌপথ	চসনি, খুলনা উপসূচি জারি করবেন
২.	ঞ্চ	বরগুনা	বরগুনা এলএসডি	৬০০	ঞ্চ	ঞ্চ	
৩.	ঞ্চ	ভোলা	ভোলা এলএসডি	৬০০	ঞ্চ	ঞ্চ	
৪.	ঞ্চ	বরিশাল	বরিশাল এলএসডি	৬০০	ঞ্চ	ঞ্চ	
৫.	ঞ্চ	ঝালকাঠি	ঝালকাঠি এলএসডি	৬০০	ঞ্চ	ঞ্চ	
৬.	ঞ্চ	পিরোজপুর	পিরোজপুর এলএসডি	৩০০	ঞ্চ	ঞ্চ	
			মোট =	৩৩০০			
			সর্বমোট =	৮৩০০			

নির্দেশনাসমূহ:

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম ও মোংলা সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করাবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রয়োজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে দারিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক

ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ০৫/০৫/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৮-৪-২০২১

মোঃ ফজলে রামী হায়দার
উপপরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ৩) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো
- ৪) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট
- ৫) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ৬) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.৮০৮/১(১০)

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৮
২৮ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো

- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক,
- ৯) ব্যবস্থাপক,, সিএসডি
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা এলএসডি



২৮-৮-২০২১

মোঃ ফজলে রাক্তী হায়দার
উপপরিচালক